# Fevimol Plus

Paracetamol BP 500 mg &
Caffeine USP 65 mg

**Composition:**
**Fevimol Plus Tablet:** Each tablet contains Paracetamol BP 500 mg and Caffeine USP 65 mg.

**Pharmacology:**
**Fevimol** contains Paracetamol which is an analgesic and antipyretic agent specially suitable for patients who cannot tolerate aspirin or other analgesics. Paracetamol inhibits the synthesis of prostaglandin from arachidonic acid by COX-3 pathway.

**Indications:**
All conditions requiring relief from pain & fever due to neuritis, neuralgia, headache, migraine, toothache, rheumatic disorder, cold, influenza, dysmenorrhoea, acute & chronic inflammatory disorders.

**Dosage and administration:**
**For Tablet:**
**Adults:**
By mouth, 1-2 tablets every 4-6 hours to a maximum of 8 tablets daily.

**Contraindication:**
Paracetamol is contraindicated in patients with a known hypersensitivity to its components.

**Warnings & Precautions:**
Paracetamol should be given with care to patients with impaired kidney and liver function. It should be given with care to patients taking other drugs that affect the liver.

**Side effects:**
Side effects are usually mild, though haematological reactions have been reported. Skin eruptions have also occurred. Symptoms of overdose include vomiting, gastrointestinal haemorrhage, liver damage, cerebral edema and renal tubular necrosis. Hypoglycemia has been reported after overdoses of paracetamol.

**Use in Pregnancy and Lactation:**
Though Paracetamol appears in breast milk & crosses the placenta it causes no harmful effect to breast-fed infants or foetus.

**Drug interactions:**
Domperidone & Metoclopramide accelerate the absorption of Paracetamol. Colestyramine reduces the absorption of Paracetamol. Prolonged regular use of Paracetamol possibly enhances anticoagulant effect of coumarins.

**Overdose:**
There are no reported cases of overdose.

**Storage:**
Store in a cool (below 30°C) and dry place, away from light. Keep all medicines out of the reach of children.

**Packing:**
**Fevimol Plus Tablet:** Each box contains 100 tablets in Alu-PVC blister pack

Goodman

Manufactured by:
Goodman Pharmaceuticals Ltd.
Better Health For All
Bhangnahati, Sreepur, Gazipur, Bangladesh

# ফেভিমল প্লাস

প্যারাসিটামল বিপি ৫০০ মি.গ্রা. এবং
ক্যাফেইন ইউএসপি ৬৫ মি.গ্রা.

**উপাদান:**
**ফেভিমল প্লাস ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে আছে প্যারাসিটামল বিপি ৫০০ মি.গ্রা. এবং ক্যাফেইন ইউএসপি ৬৫ মি.গ্রা.।

**ফার্মাকোলজি:**
**ফেভিমলে** আছে প্যারাসিটামল এবং যে সমস্ত রোগী এসপিরিন অথবা অন্যান্য ব্যথানাশক ওষুধের প্রতি সহনশীল নয় তাদের জন্য **ফেভিমল** জ্বর ও ব্যথা নিরাময়ী ওষুধ হিসাবে কার্যকর। প্যারাসিটামল অ্যারাকিডোনিক এসিড থেকে কক্স-৩-এর মাধ্যমে প্রোস্টাগ্ল্যান্ডিন উৎপাদনের প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করে।

**নির্দেশনা:**
নিউরাইটিস, নিউরালজিয়া, মাথাব্যথা, মাইগ্রেন, দাঁত ব্যথা, বাতের ব্যথা, সর্দিজ্বর, ইনফ্লুয়েঞ্জা, ডিসমেনোরিয়া, একিউট ও ক্রনিক প্রদাহের কারণে সৃষ্ট জ্বর ও ব্যথা নিরাময়ে প্যারাসিটামল নির্দেশিত।

**মাত্রা ও সেবনবিধি:**
**ট্যাবলেটের ক্ষেত্রে:**
**প্রাপ্ত বয়স্কদের জন্য:** ৪-৬ ঘন্টা পরপর দৈনিক ১-২ টি ট্যাবলেট করে সর্বোচ্চ ৮ টি ট্যাবলেট পর্যন্ত খাওয়া যাবে।

**প্রতিনির্দেশনা:**
এই ওষুধের যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীদের ক্ষেত্রে ফেভিমল বিপরীত নির্দেশিত।

**সতর্কতা ও সাবধানতা:**
যে সব রোগীর বৃক্ক ও যকৃত ঠিকমত কাজ করে না তাদের ক্ষেত্রে প্যারাসিটামল সতর্কতার সাথে খাওয়া উচিত। যেসব রোগীরা যকৃতের কাজকে প্রভাবিত করে এমন ওষুধ খাচ্ছে তাদের প্যারাসিটামল সতর্কতার সাথে খাওয়া উচিত।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:**
পার্শ্ব-প্রতিক্রিয়াগুলো সাধারণত মৃদু তবে হেমাটোলজিক্যাল প্রতিক্রিয়া দেখা দিতে পারে। ত্বকে ক্ষতও দেখা দিতে পারে। মাত্রাতিরিক্ত প্যারাসিটামল খেলে বমি, পাকান্ত্রিক রক্তক্ষরণ, যকৃতের ক্ষত, সেরেব্রাল ইডিমা ও টিউবুলার নেক্রোসিস হতে পারে। মাত্রাতিরিক্ত প্যারাসিটামল খেলে হাইপোগ্লাইসেমিয়া হতে পারে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:**
যদিও প্যারাসিটামল মায়ের দুধে পাওয়া যায় এবং প্লাসেন্টা অতিক্রম করে তবে ইহা শিশুদের অথবা ভ্রুণের কোন ক্ষতি করে না।

**অন্য ঔষধের সাথে প্রতিক্রিয়া:**
ডমপেরিডোন ও মেটোক্লোপ্রামাইড প্যারাসিটামলের শোষণ বৃদ্ধি করে। কোলেস্টাইরামিন প্যারাসিটামলের শোষণ কমিয়ে দেয়। প্যারাসিটামল অনেকদিন ধরে নিয়মিত ব্যবহার করলে কোমারিনের কাজকে বাড়িয়ে দিতে পারে।

**মাত্রাধিক্য:**
মাত্রাধিক্যের কোন ঘটনা জানা যায়নি।

**সংরক্ষণ:**
আলো থেকে দূরে, ঠান্ডা এবং শুষ্ক স্থানে (৩০° সে. তাপমাত্রার নিচে) রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক:**
**ফেভিমল প্লাস ট্যাবলেট:** প্রতিটি বাক্সে আছে ১০০ টি ট্যাবলেট অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাক

Goodman

প্রস্তুতকারক:
গুডম্যান ফার্মাসিউটিক্যাল্স লি:
Better Health For All
ভাংনাহাটি, শ্রীপুর, গাজীপুর, বাংলাদেশ